QP Code: J23UT/GEBG-41

# Undergraduate Degree Programme ( Under CBCS )

**Term End ( Theory ) Examination, June – 2023 ( SEM-IV )**

## BENGALI :GEC

**Generic Elective Course**

## Adhunik Bangla Sahitya : Nirbachito Path

**GE-BG-41**

Time : 2 hours — Full Marks : 50

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে । অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে । উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে ।**

১) যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) : ১০ × ২ = ২০

ক) 'শ্রীকান্ত' ( প্রথম পর্ব ) উপন্যাসের আঙ্গিক ও গঠনশৈলীর পরিচয় দিন।

খ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় কবি, মানুষ ও প্রকৃতির মধ্যে প্রকৃতিকে কীভাবে জয়ী করে তোলেন, তা কবিতাটি অবলম্বনে আলোচনা করুন।

গ) 'কালের যাত্রা' নাটকটিতে জনতা চরিত্রের গুরুত্ব বুঝিয়ে দিন।

ঘ) 'বর্তমান ভারত' রচনা অবলম্বনে স্বামী বিবেকানন্দের ইতিহাসচেতনার পরিচয় দিন।

২) যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ( অনধিক **১৫০** শব্দে ) : ৫ × ৪ = ২০

ক) ইন্দ্রনাথের সঙ্গে শ্রীকান্তের নিশীথ অভিযানের বর্ণনা দিন।

খ) 'এবারে বিশ হাজার টাকা পণ এবং হাতে হাতে আদায়' – বক্তব্যটিতে বক্তার মানসিকতার পরিচয় দিন।

গ) 'ওরা কাজ করে' কবিতায় 'জীবনের মহামন্ত্রধ্বনি' বলতে কবি কী বলতে চেয়েছেন ?

ঘ) 'বিদ্রোহী' কবিতায় কবি পুরাণের প্রসঙ্গ কীভাবে ব্যবহার করেছেন তা সংক্ষেপে আলোচনা করুন।

ঙ) ''চিতাকাঠ ডাকে আয় আয়'' – তাৎপর্য ব্যাখ্যা করুন।

চ) 'আবার আসিব ফিরে' – কবিতাটিতে কবি কোন্ কোন্ রূপে এই বাংলায় ফিরে আসতে চেয়েছেন তা লিখুন।

ছ) 'কবির দীক্ষা' অংশটি 'কালের যাত্রা' নাটকে সংযোজনের সার্থকতা বিচার করুন।

জ) ইংলণ্ডে বৈশ্যপ্রধান সমাজ বিষয়ে বিবেকানন্দের মতামতগুলি উল্লেখ করুন।

৩) যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৫০ শব্দে ) : **২ × ৫ = ১০**

ক) ‘শ্রীকান্ত’ উপন্যাসের চারটি পর্বের প্রকাশ কাল উল্লেখ করুন।

খ) শ্রীকান্ত উপন্যাসের প্রথম খণ্ডের নবম পরিচ্ছেদে কুমার সাহেবের তাঁবুতে কী ঘটেছিল ?

গ) ‘‘এই দুর্ঘটনায় অন্তঃপুরে একটি কান্না পড়িয়া গেল’’ — এখানে কোন্ দুর্ঘটনার কথা বলা হয়েছে ? কার কথায় কীভাবে কান্না থেমে গেল ?

ঘ) ‘আ মরণ! পোড়ামুখ লক্ষ্মীছাড়া প্রজাপতি’ — কে বলেছে ? কেন বলেছে ?

ঙ) ‘এত কালো মেখেছি দু’হাতে’ — বলতে কবি কী বুঝিয়েছেন ?

চ) ‘মহাপ্রলয়ের আমি নটরাজ’ — মহাপ্রলয়ের নটরাজ কে ?

ছ) ‘আমাকেই পাবে তুমি ইহাদের ভিড়ে’ — ‘ইহাদের’ বলতে কাদের বোঝানো হয়েছে ?

জ) ‘আমি পরশুরামের কঠোর কুঠার’ — অংশটি অবলম্বনে পরশুরামের পরিচয় দিন।

ঝ) রবীন্দ্রনাথের দুটি রূপক–সাংকেতিক নাটকের নাম লিখুন।

ঞ) ‘বর্তমান ভারত’ প্রবন্ধটির প্রকাশ বর্ষ লিখুন।